দৈনিক ইনকিলাব

তারিখ 23 SEP 1987
কলাম 3

00.188

# কড়া নিরাপত্তার মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো গতকাল খুলেছে

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

টানা ৬৮ দিন বন্ধ থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো গতকাল সকালে সাড়ে ৯টায় কড়া নিরাপত্তার মধ্যে খুলেছে। আগামী ২৭ সেপ্টেম্বর ক্লাস শুরু হবে। রোকেয়া ও শামসুন্নাহার ছাড়া সব হলের সামনে পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রতিটি হলের গেটে হাউস টিউটর ও অন্যান্যরা ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র পরীক্ষা করে হলে প্রবেশের অনুমতি দিচ্ছেন। রাত সাড়ে ১০টা পর্যন্ত হল গেট খোলা থাকবে এবং এ প্রক্রিয়া আগামী ২৭ সেপ্টেম্বর পর্যন্ত চলবে বলে জানা

৭ এর পাতায় দেখুন

## আবাসিক হল

প্রথম পৃষ্ঠার পর

গেছে।

হল খুললেও অধিকাংশ আবাসিক ছাত্র-ছাত্রীই গতকাল ফিরেনি। ছাত্রদের শতকরা ২০ ভাগ ও ছাত্রীদের শতকরা ৫ ভাগের মত ফিরেছে।

এদিকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি হল গেটে হলের সীটের অবস্থা ও বরাদ্দপ্রাপ্তদের নামের তালিকা টানিয়ে দেয়া হয়েছে। বরাদ্দপ্রাপ্ত ছাড়া অন্য কাউকেই হলে প্রবেশ করতে দেয়া হচ্ছে না। কর্তৃপক্ষ সকল হলেই মাস্টার্স পরীক্ষা শেষ করেছে এমন ছাত্রদের ও অন্যান্য অননুমোদিত সীট সীল করে দিয়েছেন। হাজী মুহম্মদ মহসীন হল থেকে প্রাপ্ত এক তথ্যে জানা যায়, মোট ১১৮টি কক্ষের সর্বমোট ৫৪৩টি সীটের মধ্যে কর্তৃপক্ষ ২৩৪ সীট সীল করে দিয়েছেন। এর মধ্যে অননুমোদিত সীটের সংখ্যা ১১৮টি এবং মাস্টার্স পরীক্ষা শেষ করেছে এমন ছাত্রদের সীটের সংখ্যা ১১৬টি। প্রায় প্রতিটি হলেই পরিসংখ্যান এমন বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। সীলকৃত সীটের মাস্টার্স পরীক্ষা শেষ করা ছাত্র-ছাত্রীরা যোগাযোগ করে তাদের আটকাপড়া কাপড়-চোপড়, বিছানাপত্র, বই-পুস্তক [illegible]তে পারেবেন। এদিকে সলিমুল্লাহ [illegible] একটি কক্ষে একটি তাজা গুলী ও [illegible] কক্ষে ২টি ককটেল পাওয়া